

🗏 মারইয়াম | Maryam | مَرْيَم

আয়াতঃ ১৯: ৮১

া আরবি মূল আয়াত:

وَ اتَّخَذُوا مِن دُونِ اللهِ الهَمَّ لِّيكُونُوا لَهُم عِزًّا ﴿٨٨﴾

🗚 অনুবাদসমূহ:

আর তারা আল্লাহ ছাড়া বহু 'ইলাহ' গ্রহণ করেছে, যাতে ওরা তাদের সাহায্যকারী হতে পারে। — আল-বায়ান তারা আল্লাহকে বাদ দিয়ে অন্যান্য ইলাহ গ্রহণ করেছে যাতে তারা (অর্থাৎ ঐ কল্পিত মা'বুদগুলো) তাদের জন্য পৃষ্ঠপোষক হয়। — তাইসিক্রল

তারা আল্লাহ ছাড়া অন্য কেহকে মা'বূদ রূপে গ্রহণ করে এ জন্য যে, যাতে তারা তাদের সহায় হয়। — মুজিবুর রহমান

And they have taken besides Allah [false] deities that they would be for them [a source of] honor. — Sahih International

- ৮১. আর তারা আল্লাহ্ ছাড়া অন্য বহু ইলাহ গ্রহণ করেছে, যাতে ওরা তাদের সহায় হয়;(১)
 - (১) মূলে । এই শব্দ ব্যবহার করা হয়েছে। অর্থাৎ তারা এদের জন্য ইজ্জত ও মর্যাদার কারণ হবে। এর আরেক অর্থ হচ্ছে, শক্তিশালী ও যবরদস্ত হওয়া। উদ্দেশ্য সেগুলো তার ধারণা মতে তাকে আল্লাহর আযাব থেকে রক্ষা করবে। কারও কারও নিকট এর অর্থ হচ্ছে, সহযোগী হওয়া। অথবা আখেরাতে সুপারিশকারী হওয়া। ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৮১) তারা আল্লাহ ছাড়া অন্য উপাস্যদেরকে গ্রহণ করেছে এই জন্য যে, যাতে তারা তাদের সম্মানের কারণ হয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2331

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন